# ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন’ সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১. বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্ভারটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে এই জাতীয় বিভিন্ন নতুন ধরনের প্রশ্নের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়।

২. শিক্ষার্থীরা বিভিন্ন পরীক্ষায় যে যে ধরনের বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্মুখীন হতে পারে, এই অনুশীলনের মাধ্যমে সেগুলির সঙ্গে তারা অভ্যস্ত হয়ে ওঠার সুযোগ পাবে।

৩. বিদ্যালয় খুললে ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তরগুলি অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দিতে হবে।

৪. প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষিকা-শিক্ষকদের সহায়তা নেওয়া যেতে পারে।

৫. ঘরে বসে খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর তৈরি করতে হবে।

**ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর করে অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।**

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## বাংলা

## তৃতীয় শ্রেণি

**ভাগ ১ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

মানুষই একমাত্র প্রাণী, চারদিকের গণ্ডি দিয়ে যে বাঁধা নয়। মাটিতে সোজা হয়ে দাঁড়াতে পারে, নিজের খাবার নিজে জোটাতে পারে, আর পারে শত্রুর চোখে ধুলো দিয়ে পালাতে। মানুষের না আছে বাঘের মতো বড়ো-বড়ো থাবা, না আছে গণ্ডারের মতো বর্ম, না সাপের মতো বিষদাঁত। সিংহ বা হাতির পাশে মানুষকে মনে হবে তালপাতার সেপাই। তবু সে জলে স্থলে আকাশে ইচ্ছেমতো ভেসে ছুটে উড়ে যেতে পারে। গরম আর ঠাণ্ডাকে হার মানাতে পারে। গায়ের জোরে কেউ তাকে কাবু করতে পারে না। রেলগাড়ি জাহাজ এরোপ্লেন জামাকাপড় ঘরবাড়ি বন্দুক, এইসব দিয়ে অন্যান্য জীবজানোয়ারের ওপর সে টেক্কা দেয়।

বলবান বাঘের ভরসা শুধু তার নিজের মাংসপেশি; আর সবচেয়ে বুদ্ধিমান শিম্পাঞ্জির ভরসা কেবল তার নিজের হাত-পা। কিন্তু মানুষের হাতে থাকে বর্শা কি বন্দুক, চোখে থাকে দূরবীন বা অণুবীক্ষণ।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

1. সিংহ বা হাতির পাশে মানুষকে যা মনে হবে

   A) চোখের ধুলো

   B) তালপাতার সেপাই

   C) চারদিকের গণ্ডি

   D) বাঘের থাবা

2. জলে স্থলে আকাশে ইচ্ছেমতো ভেসে ছুটে উড়ে যেতে পারে

   A) পাখি

   B) বাঘ

   C) সিংহ

   D) মানুষ

3. বলবান বাঘের ভরসা

   A) দূরবীন

   B) বন্দুক

   C) নিজের হাত - পা

   D) নিজের মাংসপেশি

4. গায়ের জোরে থাকে কাবু করা যায় না

   A) গণ্ডার

   B) বাঘ

   C) মানুষ

   D) সিংহ

5. ‘হার’ - এর বিপরীতার্থক শব্দটি হলো


A) জয়

B) জিত

C) পরাজয়

D) জয়ী

**ভাগ ২ - নীচে দেওয়া ছবিগুলি দ্যাখো :**



**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

6. ছবিগুলিতে মাংসাশী প্রাণীটি হলো

A) মানুষ

B) ছাগল

C) ভেড়া

D) নেকড়ে

7. ছবিগুলিতে ক’জনের হাতে লাঠি দেখা যাচ্ছে?

A) একজন

B) দু’জন

C) তিনজন

D) চারজন

8. রাখাল গবাদি পশু চরাচ্ছিল

A) পাহাড়ের কোলে

B) নদীর ধারে

C) গাছের তলায়

D) ঘন জঙ্গলে

9. নেকড়ে আক্রমণ করেছিল

A) রাখালকে

B) ভেড়াকে

C) ছাগলকে

D) গোরুকে

10. ছবিগুলিতে ছাগলের মোট সংখ্যা

A) দুইটি

B) তিনটি

C) চারটি

D) আটটি

**ভাগ ৩ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

**পৃথিবীর এক প্রাচীন ও বিস্ময়কর জন্তু ক্যাঙারু**

ক্যাঙারু পৃথিবীর এক প্রাচীন ও বিস্ময়কর জন্তু। কয়েকশো হাজার বছর আগে এমন ক্যাঙারুও ছিল, যাদের আকার হতো ঘোড়ার মতো বড়ো। এখন ক্যাঙারু প্রধানত অস্ট্রেলিয়াতেই পাওয়া যায়। সেইজন্যে অস্ট্রেলিয়াকে বলা হয় 'ক্যাঙারুর দেশ'। এমনকী, অস্ট্রেলিয়ার 'ন্যাশানাল কোর্ট অব আর্টস'-এও ক্যাঙারুর ছবি আছে। মা-ক্যাঙারুর পেছনের দুটো পায়ের মাঝখানে একটা থলি আছে। এই থলিতে সে তার বাচ্চাকে বহন করে। যতক্ষণ পর্যন্ত না বাচ্চা বেশ বড়ো হয়ে উঠছে, তাকে সে লালনপালনও করে। ক্যাঙারুর বাচ্চা যখন জন্মায়, তখন আকারে খুবই ছোটো থাকে, প্রায় এক ইঞ্চির বেশি লম্বা হয় না। বাচ্চার গায়ের রং গোলাপি। জন্মানোর পরই মা-ক্যাঙারু তাকে পেটের থলির মধ্যে রেখে দেয়। বাচ্চা তখন নিজে কিছুই করতে পারে না। বাচ্চার বয়স ছ'মাস হলে সে একটা কুকুরের বাচ্চার মতো বড়ো হয়ে ওঠে। থলির ভেতর থেকে তখন মাথা বার করে রাখে। মা যখন গাছের ডালপালা খায়, তখন সেই ডালপালা থেকে বাচ্চাও পাতা ছিঁড়ে-ছিঁড়ে খায়। বাচ্চা যখন মায়ের সঙ্গে-সঙ্গে হাঁটতে ও দৌড়তে শেখে, তখনও সে মায়ের পেটের উষ্ণ ও নিরাপদ থলিতে ঢুকে পড়তে চায়। যখনই কোনও বিপদের আশঙ্কা দেখা দেয়, মা-ক্যাঙারু বাচ্চা-ক্যাঙারুকে মুখে করে থলির মধ্যে ঢুকিয়ে নেয়। প্রাপ্তবয়স্ক ক্যাঙারু প্রায় দু'মিটার লম্বা। সামনের পা দুটোয় থাবা আছে এবং আকারে ছোটো। পেছনের পা দুটো খুব লম্বা ও শক্ত সমর্থ। পেছনের পা দুটোর জন্যেই ক্যাঙারু ৩ থেকে ৪.৫ মিটার পর্যন্ত লাফ দিতে পারে। লাফাবার সময় বড়ো ল্যাজের সাহায্যে ভারসাম্য বজায় রাখে।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

11. ক্যাঙারু প্রধানত পাওয়া যায়

A) ভারতে

B) বাংলাদেশে

C) অস্ট্রেলিয়ায়

D) আমেরিকায়

12. ক্যাঙারু বিস্ময়কর প্রাণী, কারণ

A) সে জোরে লাফাতে পারে

B) তার পেছনের পা দুটো সামনের পায়ের থেকে বড়ো

C) তার বাচ্চা বহন করার থলি আছে

D) সে বাচ্চাকে বিপদ থেকে রক্ষা করতে পারে

13. বাচ্চা ক্যাঙারুর গায়ের রং

A) সাদা

B) খয়েরি

C) গোলাপি

D) সবুজ

14. প্রাপ্তবয়স্ক ক্যাঙারু লম্বা হয়

A) প্রায় দু-মিটার

B) দু-মিটারের বেশি

C) প্রায় দু-ফুট

D) তিন — চার দশমিক পাঁচ মিটার

15. 'লালনপালন' শব্দের অর্থ

A) বহন করা

B) বড়ো করা

C) খাওয়ানো

D) সাবধান করা

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## গণিত

## তৃতীয় শ্রেণি

**ঠিক উত্তর নির্বাচন করো :**

১। ৯০৭, ৭০৯, ৯৭০, ৭৯০ সংখ্যাগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?


ক) ৯০৭ খ) ৭০৯

গ) ৯৭০ ঘ) ৭৯০

২। ১২, ১০, ১৩, ১৬, ১৮, ২০ এদের মধ্যে কোনটি বিজোড় সংখ্যা?

ক) ১০ খ) ১৩

গ) ২০ ঘ) ১৮

৩। 

১ ২ ৩ ৪

উপরের কোনটিতে সবচেয়ে বেশি বল আছে?

ক) ১ খ) ২

গ) ৩ ঘ) ৪

৪। ৩০৩, ৩১৩, ৩৩৩, ১৩৩ এদের উর্ধ্বক্রমে সাজালে কোনটি ঠিক?

ক) ৩৩৩, ৩১৩, ৩০৩, ১৩৩ খ) ১৩৩, ৩১৩, ৩০৩, ৩৩৩

গ) ১৩৩, ৩০৩, ৩১৩, ৩৩৩ ঘ) ৩৩৩, ৩১৩, ৩০৩, ১৩৩

৫। 

২১২ টাকার আম



১১২ টাকার কলা



২২২ টাকার পেয়ারা

আম, কলা আর পেয়ারার মোট দাম কত?


ক) ৫৪৬ টাকা খ) ৪৫৬ টাকা

গ) ৬৪৫ টাকা ঘ) ৬৫৪ টাকা

৬। রীতা দোকান থেকে ২ প্যাকেট বিস্কুট কিনে আনল। ১ প্যাকেটে ১০টি বিস্কুট আছে। সেখান থেকে ভাইকে ৪টি বিস্কুট দিল। নীচের কোনটি ঠিক?

ক) ৪ – ২ × ১০ খ) ১০ × ৪ – ২

গ) ১০ – ৪ × ২ ঘ) ২ × ১০ – ৪


৭। 

১ ২ ৩ ৪

কোন ঘড়িতে ৬টা বাজে?

ক) ১ খ) ২

গ) ৩ ঘ) ৪

৮। 

১ ২ ৩ ৪

কোন ছবিতে ঠিক দুটি ত্রিভুজ আছে?

ক) ১ খ) ২

গ) ৩ ঘ) ৪

৯। কোন সংখ্যাটি ৩ দিয়ে বিভাজ্য?

২২, ৪০, ২১, ২৩

ক) ২২ খ) ৪০

গ) ২১ ঘ) ২৩

১০। ১ দিনে মিনিটের কাঁটা সম্পূর্ণ ঘোরে

ক) ১০ বার খ) ১২ বার

গ) ২৪ বার ৪) ২ বার

১১। তুমি দোকান থেকে তিন বাক্স সন্দেশ কিনলে। প্রতি বাক্সে ৫টি করে সন্দেশ আছে। সেখান থেকে ২টি সন্দেশ ভাইকে দিলে। তোমার কাছে কতগুলো সন্দেশ রইলো?

ক) ১৭ খ) ১৩

গ) ৩ ঘ) ১

১২। 

দাম ৯৫৭ টাকা



দাম ৯৭৫ টাকা

তোমার বাবা দোকান থেকে একটি চেয়ার এবং একটি টেবিল কিনলেন। তাহলে খরচ হল

ক) ১৯৩২ টাকা খ) ১৮১২১২ টাকা

গ) ১৮২২ টাকা ঘ) ১৯২২ টাকা

১৩। ট্রেনের একটি কামরায় ১৩৩ জন যাত্রী আছে। যখন ট্রেনটি পরের স্টেশনে থামল, তখন ২৩ জন যাত্রী নেমে গেল। এখন ঐ কামরায় যাত্রী সংখ্যা

ক) ১৫৬ খ) ১১০

গ) ১০০ ঘ) ২৩

১৪। তিন অংকের সবচেয়ে বড় সংখ্যাটি কত?

ক) ৯০০ খ) ৯৮৯

গ) ৯৯৮ ঘ) ৯৯৯

১৫। এ বছর মিতা ও তার বন্ধুরা স্কুলে ১৭১টি গোলাপের চারা গাছ লাগিয়েছে। অমল ও তার বন্ধুরা তাদের স্কুলে ১২১টি গোলাপের চারাগাছ লাগিয়েছে। কারা, কতগুলো বেশি গোলাপের চারা লাগিয়েছে?

ক) মিতা ও তার বন্ধুরা ৫০টি চারাগাছ বেশি লাগিয়েছে

খ) অমল ও তার বন্ধুরা ৫০টি চারাগাছ বেশি লাগিয়েছে

গ) মিতা ও তার বন্ধুরা ১৫০টি চারাগাছ বেশি লাগিয়েছে

ঘ) মিতা ও তার বন্ধুরা ১০০টি চারাগাছ বেশি লাগিয়েছে

১৬।




রবীন্দ্র প্রাথমিক বিদ্যালয়ে প্রত্যেক ছাত্রকে ৩টি করে বই দেওয়া হল। মোট ৪৫৬টি বই দেওয়া হল। কতজন ছাত্র বই পেল?

ক) ১৫০ জন খ) ১৩৬৮ জন

গ) ৪৫৯ জন ঘ) ১৫২ জন

১৭।



পরেরটিতে কটি তারা হবে?

ক) ২টি খ) ৪টি

গ) ১টি ঘ) ১০টি

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## আমাদের পরিবেশ

## তৃতীয় শ্রেণি

১. জল বাঁচাতে নীচের কোন কাজটা করা উচিত **নয়**?


(ক) যথাসম্ভব বৃষ্টির জল দিয়ে চাষ করা

(খ) ফুলগাছের গোড়ায় কাঁচা আনাজ ধোওয়া জল দেওয়া

(গ) জলের কল খুলে রেখে দেওয়া

(ঘ) বৃষ্টির জল ধরে রেখে সেই জলে স্নান করা

২. নীচে বাড়ির একটা মানচিত্র দেওয়া আছে। বাড়ির কোন দিকে ফুলের বাগান আছে?




(ক) উত্তর দিকে

(খ) পশ্চিম দিকে

(গ) দক্ষিণ দিকে

(ঘ) পূর্ব দিকে

৩. শীতকালে কোন ধরনের পোশাক পরলে আরাম পাবে?

(ক)



(খ)



(গ)



(ঘ)



৪. ভূমিকম্পপ্রবণ অঞ্চলে কোন ধরনের বাড়িতে থাকলে সুবিধে?

(ক) খড়ের ছাউনি দেওয়া মাটির বাড়ি

(খ) কাঠের বাড়ি

(গ) টিনের চাল দেওয়া মাটির বাড়ি


(ঘ) পাকা বাড়ি

৫. নীচের কোনটির সাহায্যে রান্না তাড়াতাড়ি হবে?

(ক) 

(খ) 

(গ) 

(ঘ) 

৬. পথে যেতে যেতে তোমার খুব তেষ্টা পেয়েছে। তোমার কাছে কিংবা আশেপাশের কোথাও জল নেই। রাস্তার ধারের ফলের দোকানে নানান রকমের ফল আছে। তেষ্টা মেটাতে তুমি কোন ফলটা সবচেয়ে আগে কিনতে চাইবে?

ক) আপেল

খ) আখরোট

গ) খেজুর

ঘ) ডাব

৭. তোমার ইন্দ্রিয়গুলো নানানভাবে বিভিন্ন উদ্দীপনায় সাড়া দেয়। ইন্দ্রিয় ও উদ্দীপনার বিষয়ে যে জোড়টি যথাযথ **নয়** তা চিহ্নিত করো —

ক) খুব গরমে শরীরে অনেক ঘাম হয়

খ) হঠাৎ চোখে আলো পড়লে চোখ বুজে যায়

গ) খুব মিষ্টি খাবারে জিভ জ্বালা করে

ঘ) অনেকক্ষণ খুব জোরে আওয়াজ শুনলে কষ্ট হয়

৮. রাস্তায় চলার সময় কোন কাজটা করা নিরাপদ **নয়**?

ক) ফুটপাথ থাকলে ফুটপাথ দিয়ে হাঁটা

খ) রাস্তা পেরোতে হলে আগে দুদিক দেখে নেওয়া

গ) মোবাইলে কথা বলতে বলতে রাস্তা পেরোনো

ঘ) রাস্তার মোড়ে জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পেরোনো

৯. ঠিক জোড়াটি নির্বাচন করো —

ক) ফুলকপি - ফুল

খ) গাজর - কাণ্ড

গ) পেঁয়াজ - ফল

ঘ) লাউ - ফল

১০. তোমাদের ঘরে অনেক পুরোনো খবরের কাগজ জমা হয়েছে। কী করলে পরিবেশ দূষিত হবে না, তোমার ঘর খালি হবে আবার নতুন কাগজ তৈরি করার ব্যবস্থাও করা যাবে?

ক) কাগজ জ্বালিয়ে রান্না করা

খ) কাগজকে কুচিয়ে ডাস্টবিনে ফেলে দেওয়া

গ) পুরোনো খবরের কাগজের দোকানে বিক্রি করা

ঘ) কাগজের ঠোঙা তৈরি করা

১১. ছবিতে দেখা যাচ্ছে একটি মাটির বাড়ি তৈরি হচ্ছে। বাড়ির চাল ছাওয়ার জন্য প্রকৃতি থেকে সরাসরি পাওয়া যায় এমন কোন উপাদানটি ব্যবহার করা হচ্ছে?




ক) টিন

খ) খড়

গ) ইট

ঘ) গাছের পাতা

১২. তোমার বন্ধু সুজয়ের পরিবার বৃক্ষটি নীচে দেওয়া হলো। রেখাচিত্রটি পর্যবেক্ষণ করে নীচের প্রশ্নটির উত্তর দাও :




সুজয়ের কাকা বিয়ে করার পর তার একটি মেয়ে হলো। সুজয়ের বাবা বাচ্চা মেয়েটির কে হন?

ক) বাবা

খ) দাদা

গ) জেঠু

ঘ) দাদু

**কোভিড-১৯ সংক্রান্ত যাবতীয় সতর্কতা মেনে চলা বাঞ্ছনীয়।**

১৩.




সবিতা প্রতিদিন সকাল সাতটায় কাজে যায়। পোশাক দেখে বলোতো সবিতা কোথায় কাজ করে?

ক) ব্যাঙ্কে খ) পুলিশ স্টেশনে

গ) হাসপাতালে ঘ) বিদ্যালয়ে

১৪. তোমার বন্ধু তার মায়ের সঙ্গে ডাকঘরে যাবে। বাড়ি থেকে বেরিয়ে পূর্ব দিকে গেলে প্রথমে পড়বে মাঠ। এরপর আরও উত্তরে গেলে ক্ষেত, তারপর কোন দিকে গেলে তারা ডাকঘরে পৌঁছোবে? নীচের মানচিত্র দেখে প্রশ্নটির উত্তর দাও —




ক) পূর্ব দিকে খ) পশ্চিম দিকে

গ) উত্তর দিকে ঘ) দক্ষিণ দিকে

১৫. নীচের কোন ক্রমে তোমার ছায়ার দৈর্ঘ্য বড়ো থেকে ক্রমশ ছোটো হবে?

ক) সকাল ১০ টা > দুপুর ১২ টা > বিকেল ৪ টে

খ) সকাল ৭ টা > সকাল ১০ টা > দুপুর ১২ টা

গ) সকাল ১০ টা > দুপুর ২ টো > বিকেল ৪ টে

ঘ) দুপুর ১২ টা > দুপুর ২ টো > বিকেল ৪ টে